

## অভিবাসন ব্যয় হ্রাস এবং নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিত করতে রিক্রুটিং এজেন্সীগুলোর

### ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী ইমরান আহমদ, এমপি

ঢাকা- ১৮ জুন, ২০১৯

আজ সকাল ১০.০০ টায় মন্ত্রণালয়ের সভাকক্ষে বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সীজ (বায়রা) এর প্রতিনিধিবৃন্দের সাথে এক বৈঠকে মিলিত হন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী ইমরান আহমদ এমপি। বৈঠকে প্রতিমন্ত্রী ইমরান আহমদ এমপি বলেন অভিবাসন ব্যয় হ্রাস এবং নিরাপদ অভিবাসন নিশ্চিত করতে রিক্রুটিং এজেন্সীগুলোর ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

তিনি বলেন, অতিরিক্ত অভিবাসন ব্যয়ের কারণেই কর্মীদের ভোগান্তির শিকার হতে হয়। বৈদেশিক কর্মসংস্থানে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে তিনি রিক্রুটিং এজেন্সীগুলোকে জেলা পর্যায়ে শাখা অফিস খোলার আহ্বান জানান।

তিনি আরোও বলেন, বৈদেশিক কর্মসংস্থানের ক্ষেত্রে হয়রানি, প্রতারণা ও দুর্নীতির সাথে জড়িত থাকলে কাউকে ছাড় দেওয়া হবে না। তিনি বলেন, অভিবাসন ব্যয় কমাতে সকলের সহযোগিতা আবশ্যিক।

বৈঠকে বায়রার সভাপতি বেনজির আহমেদ এমপি বলেন, বৈদেশিক কর্মসংস্থানের ক্ষেত্রে আর যন কোন সিডিকেট না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে।

বৈঠকে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব রৌনক জাহান, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের মহাপরিচালক গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর মহাপরিচালক মোঃ সেলিম রেজা, বোয়েসেল এর ব্যবস্থাপনা পরিচালক মরণ কুমার চক্রবর্তী, মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. আহমেদ মুনিরুছ সালেহীন উপস্থিত ছিলেন।

বায়রার সভাপতি বেনজির আহমেদ, এমপি'র নেতৃত্বে বায়রার প্রধান উপদেষ্টা নূর আলী, সাধারণ সম্পাদক শামীম আহমেদ চৌধুরী নোমান, যুগ্ম সম্পাদক মিজানুর রহমান প্রমুখ বৈঠকে অংশগ্রহণ করেন।

(মোহাম্মদ রাশেদুজ্জামান)

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

মোবইল- ০১৭১২-৩৮০৪৩৫

